দৈনিক
জনকণ্ঠ

তারিখ 13 OCT 2002
পৃষ্ঠা ৮ কলাম ৪




*শেরে বাংলানগর আইডিবি ভবনে কম্পিউটার মেলায় বিভিন্ন স্টলে দর্শকদের ভিড়* –জনকণ্ঠ

## কম্পিউটার মেলায় দর্শকদের উপচেপড়া ভিড়

স্টাফ রিপোর্টার ॥ শেরে বাংলা নগরের আইডিবি ভবনে বিসিএস কম্পিউটার সিটিতে এগারো দিনের মেলার তৃতীয় দিন শনিবারও ছিল দর্শকদের উপচেপড়া ভিড়। স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের তরুণ শিক্ষার্থীদের সংখ্যাই ছিল বেশি। তবে অন্যান্য বয়সের দর্শকেরও কমতি ছিল না।

মেলায় দর্শকদের ব্যাপক ইন্টারনেট সুবিধা দিতে রেডিও লিঙ্ক স্থাপন করা হয়েছে। বিনামূল্যে কম্পিউটার গেমসের

(২- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## কম্পিউটার মেলায় দর্শকদের

(৮-এর পাতার পর)

ব্যবস্থা করেছে কোন কোন স্টল। তরুণদের আগ্রহ গেমস ও ইন্টারনেটের দিকেই বেশি। অনেক তরুণ-তরুণী প্রথমবারের মতো কম্পিউটারের বিচিত্র জগতের সঙ্গে পরিচিত হচ্ছে মেলার মাধ্যমে। কম্পিউটার সিটির সভাপতি আহমেদ হাসান জানালেন, জনসাধারণের মধ্যে কম্পিউটার সম্পর্কে আগ্রহ সৃষ্টি মেলার অন্যতম উদ্দেশ্য।

আগের দু'দিনের তুলনায় বিক্রিও বেড়েছে। দাম ছাড় দেয়া ১৮ হাজার টাকা থেকে ২০ হাজার টাকার মাল্টিমিডিয়া কম্পিউটার বিক্রি বেশি হচ্ছে বলে কয়েকটি স্টলের বিক্রেতারা জানিয়েছেন। এ কম্পিউটারে থাকছে সেলেরন ১.১ গিগাহার্টজ প্রসেসর, ২০-৪০ গিগাবাইট হার্ডডিস্ক, ১২৮ মেগাবাইট এসডি র‍্যাম ,ও অন্যান্য যন্ত্রাংশ। দর্শকরা নতুন ও সর্বশেষ পণ্যেরও খোঁজখবর নিচ্ছে।

মেলায় ক্রিয়েটিভের ৬৪ মেগাবাইট এজিপি কার্ড, ডিডিআর র‍্যাম, ৪৪০ এম-এক্স-উইথ টিভি আউট, সেলেরন ১.৭ গিগাহার্টজ প্রসেসর এসেছে শুনে দর্শকদের মধ্যে আগ্রহ বেড়েছে। সেলেরনের এ প্রসেসরে সকেট-৪৭৮ থেকে পেন্টিয়াম ফোরের মাদারবোর্ডকেও আপগ্রেড করে নেয়া যায়।

মেলার আরেকটি আকর্ষণীয় অনুষ্ঠান হচ্ছে বিকাল ৫টায় উন্মুক্ত মঞ্চে বিভিন্ন বিষয়ে আলোচনা। এতে আবার দর্শকদের জন্য রয়েছে কুইজ পর্ব। উত্তরদাতাদের ৫জনকে পুরস্কৃত করা হয়।